

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মতলব দক্ষিণ, চাঁদপুর।
matlabsouth.chandpur.gov.bd

স্মারক নং-৪১.০১.০০১৩.০৭৬.০০.০২৮.২০১৬-২৭৩

তারিখ : ২০/০৫/২০১৬ খ্রি.

বিষয় : ঘূর্ণিঝড় “রোয়ানু” এর ঝুঁকি মোকাবেলা সংক্রান্ত জরুরী প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর আলোকে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : মহোদয় কার্যালয়ের স্মারক নং ৫১.০১.১৩০০.১০.০৪.০০৫.১৬-৩৫৬ তারিখ : ১৯/০৫/২০১৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৯/০৫/২০১৬খ্রি. তারিখ অনুষ্ঠিত ঘূর্ণিঝড় “রোয়ানু” এর ঝুঁকি মোকাবেলা সংক্রান্ত জরুরী প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে মতলব দক্ষিণ উপজেলায় গৃহীত কার্যকরী ব্যবস্থা সমূহ মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উপস্থাপন করা হলো :

১। ঘূর্ণিঝড় “রোয়ানু” এর ঝুঁকি মোকাবেলায় সকল উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ডে মাইকিং করে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মেয়র, ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। পৌরসভা/ইউনিয়নের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় কেন্দ্র খোলা এবং সেখানে শুকনা খাবার, বিশুদ্ধ পানি ও শিশু খাদ্য ও খাবার স্যালাইন ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মেয়র, সংশ্লিষ্ট চেয়ারম্যানসহ উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কন্ট্রোল রুম (০১৭২১-৬০৫৩৭৭/০১৮১৯-৪৩৪০৪৪) খোলা হয়েছে। যা সার্বক্ষণিক খোলা রাখা হয়েছে।

৪। বেশী দূর্যোগ প্রবণ এলাকা হতে মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার জন্য সংশ্লিষ্ট মেয়র ও সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫। গবাদি পশু ও গৃহপালিত জীবজন্তুকে যাতে নিরাপদ ও উচ্চ স্থানে সরিয়ে নেয়া হয় সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মেয়র ও সংশ্লিষ্ট চেয়ারম্যানদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

৬। উপজেলা সদর ও ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র সমূহে চিকিৎসকদের সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়েছে।

৭। যে কোন ক্ষয় ক্ষতি মোকাবেলায় পুলিশ বিভাগকে সদা প্রস্তুত থাকার জন্য অফিসার ইনচার্জ, মতলব দক্ষিণ থানা, মতলব দক্ষিণকে অনুরোধ করা হয়েছে।

৮। দূর্যোগকালীন সময়ে জনসাধারণের জানমাল রক্ষার্থে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।


৯। প্রতিটি মসজিদে মাইকিং করে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য ইমামদের নির্দেশ প্রদান করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের নির্দেশনা প্রদান করা হয়েছে। মাইকিং অব্যাহত আছে।

১০। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল প্রকার মাছ ধরার নৌ-যানসহ অন্যান্য জলযান নিরাপদ আশ্রয়ে যাতে থাকে সে বিষয়ে সংশ্লিষ্ট মেয়র, সংশ্লিষ্ট চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

১১। উপজেলার কোন দূর্গম এলাকা দূর্গত হলে দূর্গোতদের দ্রুত নিকটস্থ আশ্রয় কেন্দ্রে নিয়ে আসার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ছাড়া কোথাও জরুরী উদ্ধারের প্রয়োজন হলে ওয়ার্ড ভিত্তিক উদ্ধারকারী দল গঠন করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের মাধ্যমে ব্যবস্থা নেয়া হয়েছে।

১২। শুকনা খাবারসহ অতি প্রয়োজনীয় জিনিসপত্রের দোকান খোলা রাখা এবং পর্যাপ্ত মণ্ডুদের ব্যবস্থা নেয়া হয়েছে।

১৩। উপজেলা স্কাউট, রেডক্রিসেন্টসহ অন্যান্য স্বেচ্ছাসেবী সংগঠনসহ এলাকা ভিত্তিক দল গঠনের ব্যবস্থা নেয়া হয়েছে। এ দলের মাধ্যমে লোকজনকে আশ্রয় কেন্দ্রে যাওয়ার জন্য উদ্বুদ্ধ করা, সকল গবাদিপশুকে নিরাপদ স্থানে নেয়া, দূর্যোগ আঘাত হানলে জরুরী উদ্ধার তৎপরতার জন্য প্রস্তুতি নেয়া হচ্ছে। হাসপাতালে মেডিকেল টিম জরুরী চিকিৎসা সেবার প্রস্তুতি গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়েছে।


২০/৫/১৬

উপজেলা নির্বাহী অফিসার
মতলব দক্ষিণ, চাঁদপুর।

ফোন : ০৮৪২৬-৫৬০৬০

ই-মেইল : unomatlab@mopa.gov.bd.

জেলা প্রশাসক
চাঁদপুর।